# কর্মসংস্থান

https://www.facebook.com/karinasangsthaan

Vol. 39 ■ Issue No. 28 ■ 11th July, 2026 ■ Saturday ■ Kolkata ■ Rs. 3.00





Non-Technical গ্র্যাজুয়েট হয়েও... DESUN এর ট্রেনিংয়ে পেলাম IT JOB

DESUN ACADEMY
Get Placed by Skills

Problem ডিগ্রি না Skill Gap

98364294296 91888 | www.desunacademy.in


## পশ্চিম দফতরে নিয়োগের বিজ্ঞপ্তি শুরু হয়োবে ১৫ জুলাইয়ের পর

# পুজোর আগেই শিক্ষক নিয়োগের 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোবে

## স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত নিয়োগ করতে স্কুল সার্ভিস কমিশনের নতুন চেয়ারম্যান হলেন অভিজ্ঞ IAS অফিসার


যেকোনো সরকারি চাকরি পেতে...
KAUTILYA
Civil Service Academy
9836336298
9836041198
● Monthly fees system
1 বছর ভালোভাবে পড়লে অন্তত: 3-টে চাকরি হতে বাধ্য। হতেই হবে।


রঞ্জিৎ ঘোষ, কলকাতা : স্বচ্ছ, দুর্নীতি মুক্ত ও রাজনৈতিক হস্তক্ষেপ ছাড়াই রাজ্যে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করতে চায় রাজ্য সরকার। কলেজের অধ্যক্ষ বা, অধ্যাপক ছাড়াই রাজ্যে এই প্রথম আই.এ.এস. অফিসার দুষ্যন্ত নারিয়ালা পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান হলেন। ১৯৯৭ সাল থেকে এ পর্যন্ত যাঁরা স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান হয়েছিলেন, তাঁদের কেউ ছিলেন কলেজের প্রিন্সিপ্যাল, অধ্যাপক, মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি কিংবা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। সম্প্রতি যে আই.এ.এস. অফিসার স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান হলেন, তিনি ১৯৯৩ ব্যাচের আই.এ.এস. অফিসার। পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুরের জেলা শাসক, স্কুল শিক্ষা দফতরের সচিব, অতিরিক্ত মুখ্যসচিব, মুখ্যসচিব, প্রিন্সিপ্যাল রেসিডেন্ট কমিশনারের দায়িত্ব সামলে অতিরিক্ত দায়িত্বভার হিসাবে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান হলেন তিনি।

আই.এ.এস. অফিসার এস.এস.সি.'র চেয়ারম্যান হচ্ছেন, এই খবর প্রকাশ্যে আসতেই হবু শিক্ষক-শিক্ষিকাদের আশা অনেক গুণ বেড়ে গেছে। তাঁরা আশা রাখছেন, রাজ্যে এবার স্বচ্ছতার সঙ্গে স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হবে। প্রকৃত মেধাবী ও যোগ্য ছেলেমেয়েরাই এবার শিক্ষক-শিক্ষিকা হতে পারবেন।

বহু প্রার্থী জানান, আদালতের রায়ে নতুন করে SLST-এর একাদশ-দ্বাদশ শ্রেণির যে পরীক্ষা হল, তার মেধা তালিকা বেরোলেও কবে থেকে নিয়োগপত্র দেওয়া ☞ এরপর ৭ পাতায়


ICE Academy
WBCS 2025/26 কোর্স
SSC, Rail ও Bank কোর্স
WB State Exams, TET
স্পেশাল ব্যাচ প্রতি রবিবার
সেরা প্রশিক্ষকদের ক্লাস
বালিগঞ্জ : 9804412898
শিয়ালদহ : 7044981821


কলকাতার ১২২টি আইটি কোম্পানিতে

## GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪০,৩১২ চাকরি

### শুরুতেই মাইনে বছরে ৫ থেকে ৬ লাখ টাকা

সৈকত হালদার, সল্টলেক : সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা IBM এর সিইও অরবিন্দ কৃষ্ণা ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৬ মাসে ১২,৩২১ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৬,০১১ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, এখন আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ☞ এরপর ৪ পাতায়

## ২৭৫ স্টেনো, এম.টি.এস

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় 'মাল্টি টাস্কিং স্টাফ', 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট', 'স্টেনোগ্রাফার', 'পার্সোন্যাল ☞ এরপর ১১ পাতায়

ট্রেনিং প্রোভাইডার হিসাবে অনন্য নজির

## ৯ মাস ট্রেনিং দিয়ে Agentic AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৫২,৩২৮ চাকরি

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

সৈকত হালদার, কলকাতা : সময় বদলেছে। তাই সেই অনুযায়ী চাকরির ধরনও বদলেছে। আর স্বভাবতই এখন আর চাকরি পেতে গেলে শুধুমাত্র গতানুগতিক ডিগ্রি হলে চলবে না। হতে হবে 'মাল্টি পারপাস স্কিলড প্রফেশনালস'। তবেই ভালো ☞ এরপর ৬ পাতায়

# IBPS'র মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৭,৪৬০ অফিসার

## ৬,৭১৫ প্রবেশনারি অফিসার, ম্যানেজমেন্ট ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, কানাড়া ব্যাঙ্ক, পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ও সেন্ট্রাল ব্যাঙ্ক 'প্রবেশনারি অফিসার' ও 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৬,৭১৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে ষষ্ঠদশ পর্যায়ের কমন রিটেন এক্সামিনেশন (Common Recruitment Process for Recruitment of Probationary Officers/ Management Trainees in Participating Organisations-CRP-PO/ MT-XVI)'এর 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস.)'এর মাধ্যমে। ☞ এরপর- ৭ পাতায়

## ৭৪৫ স্পেশালিস্ট অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : সারা ভারতের ৩টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে 'স্পেশালিস্ট অফিসার' পদে ৭৪৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে এইসব শাখায় : আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার, ল' অফিসার, মার্কেটিং অফিসার, এইচ.আর. /পার্সোনেল অফিসার। লোক নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS)'এর 'Recruitment of Specialist ☞ এরপর ৯ পাতায়


শিখুন স্মার্ট ট্রেডিং, বাড়ান প্রফিট!
ALL TYPES OF
TRADING STRATEGIES
BUNDLE PDF বাংলা বই
ক্যান্ডেলস্টিক ট্রেডিং এবং প্যাটার্ন চার্ট


মাত্র ₹99 টাকায়
এই বান্ডেলে-এ যা যা পাবেন
DOWNLOAD NOW ONLY ₹99 RUPEES
UPI ID: exampreparation@ybl
9647817159 | www.skillbangla.in


## ইন্ডিয়ান অয়েলে ১,৫০৬ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের রিফাইনারি ডিভিশন পশ্চিমবঙ্গ-সহ বিভিন্ন রাজ্যের অফিসে 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর)' হিসাবে ১,৫০৬ জন ছেলেমেয়ে নিচ্ছে।

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -কেমিক্যাল : কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল টেকনোলজি, রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ☞ এরপর ১১ পাতায়

## রেলে ৬,৫৫৭ টেকনিশিয়ান

### কোন রেলে ক'টি শূন্যপদ

রঞ্জিৎ ঘোষ, নয়া দিল্লি : কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি, পটনা, রাঁচি, চেন্নাই, আহমেদাবাদ, এলাহবাদ, বেঙ্গালউরু, ভুবনেশ্বর, বিলাসপুর, মুম্বই, মজঃফরপুর, সেকেন্দরাবাদ, আজমীর, জম্মু-কাশ্মীর, চন্ডীগড়, ভোপাল, গোরক্ষপুর ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের ১৭টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে 'টেকনিশিয়ান গ্রেড-III' ও 'টেকনিশিয়ান গ্রেড-I সিগন্যাল' পদে ৬,৫৫৭ জন ছেলেমেয়ে নেওয়া ☞ এরপর ১০ পাতায়

## রেলের গ্রুপ 'ডি'র 'সিবিটি-I' হবে ৩ থেকে ২১ আগস্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় রেলের বিজ্ঞপ্তি নং CEN 9/2025'এর গ্রুপ-ডি পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-I) শুরু হবে ৩ আগস্ট থেকে। চলবে ২১ আগস্ট পর্যন্ত। তপশিলীরা ট্রাভেল পাস পাবেন পরীক্ষার ১০ দিন আগে থেকে। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে, সংশ্লিষ্ট রেলের লিঙ্ক থেকে। সি.বি.টি-I'এর পরীক্ষায় ১০০টি ☞ এরপর ৪ পাতায়

প্রাথমিক, উচ্চপ্রাথমিক স্কুলে চাকরির জন্য

## ৪৫ হাজার সীটে ডি.এল.এড কোর্সে ভরতি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গের ২৩টি জেলার সরকার অনুমোদিত ও সরকার পোষিত আর বেসরকারি ৬৫৬টি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে 'ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে ভরতি শুরু হয়েছে। পড়ানো হবে রেগুলার বা, ফেস টু ফেস মোডে। এন.সি.টি.ই.'র অনুমোদিত ও পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের স্বীকৃত এই কোর্স ২ বছরের। পড়ানো হবে ২০২৬-২০২৮ সেশনে। এই কোর্স পাশ করলে তবে প্রাইমারি টিচার ও স্কুল সার্ভিস কমিশনের আপার প্রাইমারি টিচার হওয়ার জন্য দরখাস্ত করতে পারবেন। যে কোনো শাখায় ☞ এরপর ১২ পাতায়



দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট
মেন ক্যাম্পাস শিয়ালদহ • ১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা - ৭০০০১২
হেল্পলাইন : 8336939682 • হোয়াটসঅ্যাপ : 9836428285

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৩২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

ভর্তি চলছে (JULY '26 TO JUNE 27, (SUNDAY) সেশন

**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগথেরাপী (১ বছর, যোগ্যতা মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল-৬, মোঃ 9163927421, 6291648608
SH

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

মাধ্যমিক/H.S./B.A./ B.ED/ ফার্মাসিস্ট/LL.B./I.T.I./Diploma/ B.Tech./M.B.A./Ph.D পাশ একচান্সে। Back year available. M : 9332833022
SH

**UGC স্বীকৃত**
**CMSED & BNYS**
ভর্তি চলছে। UGC স্বীকৃত ইউনিভার্সিটি থেকে CMS & ED কোর্স করে বৈধভাবে প্র্যাকটিস করতে পারবেন। BNYS (Ayush) Dr. রেজিস্ট্রেশন নিয়ে প্র্যাকটিস। ক্লাস : শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সায়েন্স (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ)। গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84. 45A বাসস্ট্যান্ডের বিপরীতে। www.camsversity.com 7980054389 / 7439213900
D

## কর্মখালি

**WBSEDCL-এ**
**কন্ট্রাক্টরের অধীনে**
বিভিন্ন পোস্টে Male/Female নিজ নিজ জেলায় নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন : 19K–56K. এক্স আর্মিদের বিশেষ সুবিধা আছে। M : 9475256825
SA

## কর্মখালি

**আবাসিক শিক্ষক প্রয়োজন**
Sub : Beng, Eng, Math, Psc, Lsc, Hist, Geo, Arabic. Sal. (8000-13000) AFM MISSION, Plassey, Nadia. Sent CV afmbhuruliya@gmail.com 8918425622/ 8918098329 সিকিওরিটি- ১ জন ও গেটম্যান- ১ জন প্রয়োজন।
SH.

**প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব**
Age : 18–35, HS & Graduate, Salary : 15K–27K, নিজ এলাকা। হাওড়া - হুগলী - 6291125164, নৈহাটী-শিয়ালদা : 8282865342
R

কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী কাজে M/F চাই। যোগ্যতা : মাধ্যমিক–স্নাতক। বেতন : 18,000 –65,000, থাকা-খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি। M : 9382399120
SA(A)

## কর্মখালি

**আর্জেন্টি ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন স্থায়ী পদে ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500– 67700)। PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা। M : 8371905718
SA(A)

**জরুরি বিজ্ঞপ্তি**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব। নিজের যোগ্যতা অনুযায়ী নিজের জেলায় নিয়োগ, WB PF, ESI. M : 8420250278
SA

**Airport জব ভ্যাকান্সি**
শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন অফিসিয়াল পদে কন্ট্রাক্টরের অধীনে Airport-এ স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন : (16200–65700)। থাকা, খাওয়া ফ্রি। 8367814774
SA(A)

## কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 9635735989
SP

Punjab National Bank (DSA) বিভিন্ন সরকারি পোস্টে, নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/— 72,900/-, H.R.-7586834410
SA

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18700–67700). PF, ESI, ছুটি, বোনাস প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। M : 7602100586
SA(A)

## কর্মখালি

**আর্জেন্টি জব ভ্যাকান্সি**
দমদম ও বাগডোগড়া এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন স্থায়ী পদে যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (16500–62900)। থাকা ও খাওয়া ফ্রি। M : 7431933893
SA(A)

**মেট্রো জব ভ্যাকান্সি**
East.-West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (16700–65900). থাকা, খাওয়া-সহ PF, মেডিকেল, বোনাস ও প্রমোশনের সুবিধা। 7797640316
SA(A)

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

**চাকরির জন্য টাকা দেবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ক্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা জানলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, কর্মসংস্থান

**বিশেষ বিজ্ঞপ্তি**
'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান

**কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ**
**SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH**
INC, WBNC & WBUHS স্বীকৃত
Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com

**Courses Offered**
**B.Sc নার্সিং** 60 Seats (4 Years)
**GNM নার্সিং** 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।
সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।
যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year

# আধুনিক দক্ষতায় অ্যালায়েড হেলথ প্রফেশনালদের গড়ে তোলে : স্কুল অফ মেডিকেল টেকনোলজি

**বিশেষ সংবাদদাতা :** ১৯৯২ সালে পশ্চিমবঙ্গের কলকাতায় 'স্কুল অফ মেডিকেল টেকনোলজি' (SSMT)-র যাত্রা শুরু হয়। সেই সময়ে, ঐতিহাসিক 'স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন'-এর পাশাপাশি এই অঞ্চলে প্যারামেডিক্যাল কোর্স প্রদানকারী হাতেগোনা কয়েকটি প্রতিষ্ঠানের মধ্যে এটি ছিল অন্যতম। গত তিন দশকে প্রতিষ্ঠানটি 'অ্যালায়েড হেলথ' বা সহযোগী স্বাস্থ্যসেবা শিক্ষার একটি প্রধান কেন্দ্রে পরিণত হয়েছে; ৩০,০০০-এরও বেশি শিক্ষার্থী তাদের সফল কর্মজীবন শুরুর জন্য SSMT-কে বেছে নিয়েছেন। বর্তমানে এর প্রাক্তন শিক্ষার্থীরা ভারতের বিভিন্ন শীর্ষস্থানীয় সরকারি ও বেসরকারি হাসপাতালে কর্মরত আছেন।

**দক্ষতা উন্নয়নে সরকারের বিশ্বস্ত সহযোগী :** এর উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ, ভারত সরকার ও বিভিন্ন রাজ্য সরকার গুরুত্বপূর্ণ দক্ষতা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য এই প্রতিষ্ঠানের ওপর আস্থা রেখেছে।

• **২০০৩-বর্তমান:** সহযোগী স্বাস্থ্যসেবা বিষয়ক দক্ষতা প্রশিক্ষণের জন্য একাধিক মন্ত্রণালয়ের সঙ্গে অংশীদারিত্ব।

• **২০১৫-বর্তমান:** দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা বিষয়ক মন্ত্রণালয়ের (Ministry of Skill Development and Entrepreneurship) অধীনস্থ 'ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন' (NSDC)-এর আনুষ্ঠানিক সহযোগী হিসেবে কার্যক্রম পরিচালনা।

**শিক্ষাগত অংশীদারিত্ব ও বর্তমান ক্যাম্পাসসমূহ:** শিক্ষাগত অংশীদারিত্বের ক্ষেত্রে SSMT-র রয়েছে সমৃদ্ধ ইতিহাস ও প্রতিষ্ঠানটি ক্রমাগত তার কার্যক্রমের পরিধি বিস্তার করে চলেছে:

• **ঐতিহাসিক অংশীদারিত্ব:** রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের 'অ্যাডাল্ট এডুকেশন' বিভাগ (২০০৩,২০০৭) ও আলিয়া বিশ্ববিদ্যালয়ের 'সেন্টার ফর ভোকেশনাল স্টাডিজ' (২০০৮, ২০১৭)-এর সহযোগিতায় ডিপ্লোমা-স্তরের প্যারামেডিক্যাল কোর্স পরিচালনা।

• **কল্যাণী ক্যাম্পাস (নদিয়া):** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কোর্সসমূহ এখানে পড়ানো হয়।

• **কলকাতা ক্যাম্পাস:** পাঞ্জাবের সরকারি বিশ্ববিদ্যালয় 'বাবা ফরিদ ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্সেস' (BFUHS) ও 'ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন' (IMA)-এর অধিভুক্ত 'অ্যালায়েড হেলথ প্রফেশনাল' কোর্সসমূহ এখানে পড়ানো হয়।

**নতুন NCAHP নির্দেশিকা কঠোরভাবে অনুসরণ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ 'ন্যাশনাল কমিশন ফর অ্যালায়েড অ্যান্ড হেলথকেয়ার প্রফেশনস' (NCAHP)-এর নিয়মাবলী ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে পূর্ণাঙ্গভাবে কার্যকর হতে চলেছে; এমতাবস্থায় SSMT সমস্ত বাধ্যতামূলক নিয়ম ও প্রবিধান কঠোরভাবে মেনে চলছে। প্রতিষ্ঠানের নিয়ম-কানুন মেনে চলার বিষয়টি NCAHP-র অফিসিয়াল পোর্টালে যাচাই করা সম্ভব।

**শিক্ষার্থীদের জন্য জরুরি পরামর্শ:** যেকোনো স্বাস্থ্যসেবা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির আগে, প্রত্যেক আগ্রহী শিক্ষার্থীর উচিত যাচাই করে নেওয়া যে সংশ্লিষ্ট কলেজটি সর্বশেষ NCAHP নির্দেশিকা কঠোরভাবে মেনে চলছে কি না। তাই বিগত ৩২ বছর ধরে এই প্রতিষ্ঠান থেকে পাশ করা ছাত্রছাত্রীরা বিভিন্ন হাসপাতাল ও Diagnostic Centre-এ কর্মরত। 2025-27 সালে শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্সে ভর্তি চলছে—

**ডিপ্লোমা কোর্স :** যোগ্যতা- যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ। Duration - ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ। (১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি, (২) অপারেশন থিয়েটার টেকনোলজি, (৩) ফিজিওথেরাপি টেকনোলজি, (৪) রেডিওলজি অ্যান্ড ইমেজিং টেকনোলজি। (৫) অপ্টোমেট্রি।—

**সার্টিফিকেট কোর্স :** যোগ্যতা- মাধ্যমিক/সমতুল্য। Duration- ৬ মাস। (১) অ্যাসিস্ট্যান্ট জিডিএ ক্রিটিক্যাল কেয়ার (Nursing), (২) মেডিকেল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট- কোর্স ফি আপনার সাধ্যের মধ্যে।

**বি.ভোক (B.Voc.) :** এই কোর্সটি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে। যোগ্যতা- যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ। Duration- ৩ বছর। (১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি, (২) হেলথ কেয়ার।

**যোগাযোগ :** স্কুল অফ মেডিকেল টেকনোলজি, ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কলকাতা- ৭০০০১৪। মোবাইল : 9231520480, 9874760012, 033-2227 2310. Website : www.ssmtskill.com

# কনস্টেবল, পুলিশ, ডব্লু.বি.সি.এস পরীক্ষার প্রস্তুতি চলছে Fast Track Competitive Academy তে

**নিজস্ব সংবাদদাতা :** সরকারি চাকরির নামী প্রতিষ্ঠান Fast Track Competitive Academy. রাজ্য সরকারে বিভিন্ন পদে প্রায় ১ লাখের বেশি শূন্যপদে এবার নিয়োগ করা হবে। তাই দেরি না করে এখনই প্রস্তুতি শুরু করুন। এখানে ডব্লু.বি.সি.এস., প্রি-ইউ.পি.এস.সি, রেল, ব্যাঙ্ক, পুলিশ, CGL, ক্লার্কশিপ, কন্সটেবল, পঞ্চায়েত -সহ একাধিক চাকরির পরীক্ষার প্রস্তুতি করানো হয়। প্রাইমারি ও আপার প্রাইমারি 'টেট'এও ভরতি চলছে। অভিজ্ঞ ফ্যাকাল্টি দ্বারা ক্লাস করানো হয়। এছাড়াও বিভিন্ন পরীক্ষার মক টেস্ট ও মক ইন্টারভিউ এখানে করানো হয়। ভরতির জন্য যোগাযোগ : 165/3, ওয়েস্ট কনমালিপুর, বারাসাত কাছারি মাঠের কাছে, বারাসাত, উত্তর ২৪ পরগনা। ফোন : 94332 7850, 8697016099.

# সবচেয়ে কম কোর্স ফী'তে সবচেয়ে বেশি মাইনের চাকরি দিয়ে নজির গড়ল BNG হোটেল ম্যানেজমেন্ট

BNG Hotel management institute

তারকনাথ দাস, কলকাতা : কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়নের একটি সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি যে সেক্টরে লোক নিয়োগ হয়, সেটি হল হোটেল ও ট্যুরিজম সেক্টর। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে। অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার নিয়োগ হয়। এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে? রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এর উত্তরে জানালেন, "দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এখানে সারা বছর ধরে নিয়োগ লেগেই থাকে। কিন্তু ঠিকঠাক প্রফেশনালসদের অভাব সবসময় রয়েছে। কারণ আমাদের রাজ্যে খুব কম প্রতিষ্ঠানই আছে যেখান থেকে ট্রেনিং নিলে দেশ বা বিদেশের যেকোনো বড়ো ব্র্যান্ডের হোটেলে সহজেই চাকরি পাবে।" আর এই ধরনের কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে অনন্য নজির গড়ল কলকাতার নিউটাউনের কাছে থাকা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। এখান থেকে পাশ করে সবচেয়ে বেশি মাইনের চাকরি হয় দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ The Oberoi Group, Marriot, ITC, Taj, Radisson, Hyatt Regency, Trident, The Lalit, The Leela, Hillton, Park Inn, Ibis, Sheraton-এ। এটি এমন একটি প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখানে সার্টিফিকেট, ডিপ্লোমা, ভোকেশনাল ও হোটেল ম্যানেজমেন্টের ওপর বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স পড়ানো হয়। ন্যূনতম যোগ্যতা উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। এখান থেকে পড়ে সবাই চাকরি পায়। কীভাবে? উত্তরে কলেজের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানালেন যে, 'আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ : (১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা রুম মেনটেন্যান্স ল্যাব, মডার্ন হাউসকিপিং, ফাইভ স্টার রিসেপশন সেট আপ, (২) হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমন ভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রত্যেকটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা সেরা পাঁচতারা হোটেলে এখানকার ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সাথে কাস্টমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানকার ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই প্লেসড হতে পারে। দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি দেশে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত — যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফি-দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক লোনের সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9674062259 / 9830796307 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, কলকাতা।

> এখান থেকে কোর্স পাশ করে চাকরি পাবেই। গড় মাইনে মাসে ১৭,০০০ টাকা


প্রগতি ITI-এ ভর্তি
বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৬ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700


# আবাসিক শিক্ষক, গেটম্যান নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, কালিগঞ্জ : নদীয়ার ভুরুলিয়ায় আল আমিন ফাউন্ডেশন মিশন উচ্চ বিদ্যালয়ে 'আবাসিক শিক্ষক', 'সিকিওরিটি গার্ড' ও 'গেটম্যান' পদে বেশ কিছু প্রার্থী নেওয়া হচ্ছে। আবাসিক শিক্ষক পদের বেলায়, মূলত ইংরেজি, বাংলা, জীবনবিজ্ঞান, ভৌতবিজ্ঞান, ভূগোল, গণিত, ইতিহাস ও আরবিক বিষয়ে নিয়োগ হবে। সংশ্লিষ্ট বিষয়ে বি.এ./ বি.এসসি পাশ করলে আবেদন করতে পারবেন। এরসঙ্গে বি.এড / ডি.এল.এড যোগ্যতা থাকলে ভালো হয়। মাইনে মাসে ৮,০০০/- থেকে ১৩,০০০/- টাকা (যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে)। এছাড়াও ১ জন করে গেট ম্যান ও সিকিওরিটি গার্ড নেওয়া হবে। সব পদের বেলায় বয়স ও স্যালারি হবে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী। ইচ্ছুক প্রার্থীরা CV পাঠান এই ই-মেল আইডিতে : afmbhuruliya@gmail.com. বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : 8918425622 / 8918098329.


ভর্তি চলছে ★ রোজগারমুখী কোর্স ★ কাজের সহায়তা

NETAJI SUBHAS OPEN UNIVERSITY
PRANAVANANDA INSTITUTE OF MANAGEMENT & TECHNOLOGY

Diploma | Advance Diploma (PG) | Certificate | Vocational Courses

•Tailoring & Dress Designing (SSC eligible) •Fire Safety Security
•Pre-Primary Teachers' Montessori (New Govt Ed Rules) •Yoga & Naturopathy (Teachers All Board)
• Beautician (SVT) • e-Tax / Law •Solar Tech •Fitness Gym Sports Mngt
Business Mngt • Modern Office Mngt •Healthcare & Hospital Mngt •Disaster Mngt

Study Centres: • Kolkata • Diamond Harbour • Barasat-Hridaypur • Malda • Bardhaman • Farakka • Khatra-Bankura • Raiganj • Purulia

Admission Helpline: 9331256934 / 9477846520 / 9477846582

Visit www.pimtonline.in | YoutubeTV | Facebook



JDS PRIVATE ITI
BARASAT
ADMISSION OPEN 2026-28

FITTER & ELECTRICIAN (2 YRS COURSE)

8.9/10 GRADE
TOTAL OF 14743 ITI COLLEGES ACROSS INDIA

NCVT
2014

Call: 8336923222 | 8926323165 | 7908500267

SKILLED TODAY, SUCCESSFUL TOMORROW



রহমানিয়া প্যারামেডিক্যাল কলেজ
WBSCTVESD অনুমোদিত
রতুয়া, মালদা

রহমানিয়া প্যারামেডিক্যাল কলেজে ভর্তি চলছে। চিকিৎসা ঠিকঠাক করতে বহু সাহায্যকারীর প্রয়োজন হয়। এই সহয়তাকারীদের বিষয়ে মানুষের ধারণা স্বচ্ছ নয়। এই পেশা নিয়ে যাঁরা প্রফেশনাল ট্রেনিং নেন, তাঁদের বলা হয় Paramedic আর সত্যি কথা বলতে কি, Allied Health Profession-এর পৃথিবী জুড়ে চাহিদা তুঙ্গে আর এই ট্রেনিংয়ের প্রয়োজনীয়তাও অপরিসীম। ২০২৫ শিক্ষাবর্ষে WBSCTVESD এর অনুমোদনে রহমানিয়া প্যারামেডিক্যাল কলেজের পথ চলা শুরু। এই শিক্ষা প্রতিষ্ঠানের পাস আউটরা West Bengal Allied Medical & Paramedical Council-এ নাম তুলতে পারবে। সরকারী ও বেসরকারী Health Care Industry-তে কাজ পাবে। Scholarship, Placement বা স্বনিযুক্তি প্রকল্পে কাজের নিশ্চয়তা আছে। আসন সংখ্যা সীমিত - আগে এলে আগে পাবে নীতিতে ভর্তি হবে। ইচ্ছুক প্রার্থীদের অতিসত্বর যোগাযোগ করতে হবে।

কোর্সগুলি • Medical Lab Assistant • Medical Lab Associate • Blood & Pathological Sample Collection Associate

M: 9733073063/9749505597



কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করলেই চাকরি সুনিশ্চিত

Admission Notice 2026-27

(ESTD- 1992)

School of Medical Technology

Allied Health care Courses (Paramedical)

9231520480 , 9874760012 ☎ 033 22272310 | www.ssmtskill.com | ssmtoffice@gmail.com

**Affiliated to University of Kalyani**

- Diploma in Medical Laboratory Technique (DMLT)
- Diploma In Physiotherapy Technique (DPT)
- Diploma in Operation Theatre Technology (DOTT)
- Diploma in Optometry (D.OPT)

Duration - Two Years + 6 months post certification internship.

Scholarship facility available.

Students credit card facility available.

Job Assistance for every student on successful completion.

College Campus- A 11/39 Kalyani . Opposite A.11 Market . Nearest Railway Station - Kalyani Main Bus Stop - JIS more Dist - Nadia

**Collaborative Course- for IMA - BFUHS - as per NCAHP guideline**

- Diploma in Medical Laboratory Technique (DMLT)
- Diploma In Radiology and Imaging Technology (DRIT)
- Diploma in Operation Theatre Technology (DOTT)

Duration - Two Years + 6 months post certification internship.

Certificate course : 1. Phlebotomy 2. GDA

Job Assistance for every student on successful completion.

MoU with NABH Hospitals
MoU with NABL Diagonestic centre and Laboratory

College Campus- 24 Girish Chandra Bose Road Kolkata -700014, Nearest Rly Station- Sealdah Bus Stop- Entally Market- Moulali

**B.Voc under Vidyasagar University**

Affiliated College- Mahishadal Raj College
Training Provider of Mahishadal Raj college in allied health -School of Medical Technology

- B.Voc in Medical laboratory Technology (B.Voc MLT)
- B.Voc in Health Care

Duration - 3 Years + 6 months internship.

Job Assistance for every student on successful completion.

MoU with NABH Hospitals
MoU with NABL Diagonestic centre and Laboratory

College Campus- 24 Girish Chandra Bose Road Kolkata -700014, Nearest Rly Station- Sealdah Bus Stop- Entally Market- Moulali

# স্টেট ব্যাঙ্কের অত্যন্ত সম্মানীয় পদ 'প্রবেশনারি অফিসার' হওয়ার স্বপ্ন কীভাবে পূরণ করবেন

*সম্প্রতি ভারতীয় স্টেট ব্যাঙ্কের তরফে নতুন করে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি বের হয়েছে। এবার প্রবেশনারি অফিসার পদে মোট শূন্যপদের সংখ্যা ১,৫০০। এর মধ্যেই অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। ৮ জুলাইপর্যন্ত তা চলবে। সরকারি ব্যাঙ্কে চাকরির প্রস্তুতি নেওয়া প্রার্থীদের জন্য এটি বড়ো সুযোগ বলে মনে করা হচ্ছে। আর মাত্র কয়েক মাস পরেই পরীক্ষা। তাই এই অল্প সময়ের মধ্যে এই কঠিন পরীক্ষার সিলেবাস কভার করে ঠিক কী ধরনের স্ট্র্যাটেজি নিলে নিশ্চিতভাবে সাফল্য পাবেন তা নিয়ে খুঁটিনাটি আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

শূন্যপদ :

অফিশিয়াল বিজ্ঞপ্তি অনুযায়ী, মোট ১৫০০টি শূন্যপদের মধ্যে ১৪৪৬টি নিয়মিত পদ ও ৫৪টি ব্যাকলগ শূন্যপদ রয়েছে। দেশের বিভিন্ন অঞ্চলে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

শিক্ষাগত যোগ্যতা :

শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে আবেদনকারীদের ২০২৬ সালের ৩০ সেপ্টেম্বরের মধ্যে যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি অর্জন করতে হবে। কেন্দ্রীয় সরকার স্বীকৃত সমমানের যোগ্যতা থাকলেও আবেদন করা যাবে। এছাড়াও যাঁরা বর্তমানে চূড়ান্ত সেমিস্টারে পড়াশোনা করছেন তাঁরাও আবেদন করতে পারবেন। তবে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় প্রমাণপত্র জমা দিতে হবে।

বয়স :

বয়সের ক্ষেত্রে আবেদনকারীদের ন্যূনতম ২১ বছর ও সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের উর্ধ্বসীমায় ছাড় পাবেন।

বেতন কাঠামো :

বেতন কাঠামোর দিক থেকে এই পদ যথেষ্ট আকর্ষণীয়। নির্বাচিত প্রার্থীরা প্রতি মাসে ৪৮,৪৮০ টাকা থেকে ৮৫,৯২০ টাকা পর্যন্ত বেতন পাবেন। অফিশিয়াল বিজ্ঞপ্তি অনুযায়ী, পে লেভেল ১ অনুসারে বেতন দেওয়া হবে। পাশাপাশি, অন্যান্য প্রযোজ্য ভাতাও যুক্ত থাকবে।

কীভাবে আবেদন?

আবেদন করতে ইচ্ছুক প্রার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদনপত্র জমা দিতে হবে। এজন্য প্রথমে ভারতীয় স্টেট ব্যাঙ্কের অফিসিয়াল ওয়েবসাইটে যেতে হবে। তারপর সংশ্লিষ্ট নিয়োগের বিজ্ঞপ্তি নির্বাচন করে আবেদনপত্রে ব্যক্তিগত তথ্য পূরণ করতে হবে। এরপর প্রয়োজনীয় নথি আপলোড করে আবেদন ফি জমা দিতে হবে। সবশেষে আবেদনপত্র সাবমিট করতে হবে।

এসবিআই পিও (SBI PO) পরীক্ষার প্যাটার্ন মূলত ৩টি ধাপে বিভক্ত:

প্রিলিমিনারি পরীক্ষা, মেইন পরীক্ষা (অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ), ও ইন্টারভিউ ও সাইকোমেট্রিক টেস্ট।

১. প্রিলিমিনারি পরীক্ষা (Preliminary Exam) : এটি ১০০ নম্বরের একটি অবজেক্টিভ পরীক্ষা, যা মোট ১ ঘণ্টা সময় ধরে কম্পিউটার-ভিত্তিক হয়। কোনো বিভাগীয় কাট-অফ (Sectional cut-off) নেই। এর বিষয়গুলি নিচে দেওয়া হল : ইংরিজি ভাষা (English Language): ৪০টি প্রশ্ন, মোট ৪০ নম্বর (সময় ২০ মিনিট), যুক্তিবিদ্যা (Reasoning Ability): ৩০টি প্রশ্ন, মোট ৩০ নম্বর (সময় ২০ মিনিট), গণিত (Quantitative Aptitude) : ৩০টি প্রশ্ন, মোট ৩০ নম্বর (সময় ২০ মিনিট), প্রতিটি ভুল উত্তরের জন্য নির্ধারিত নম্বরের ১/৪ (০.২৫) অংশ নেগেটিভ মার্কিং হিসেবে কাটা হয়।

২. মেইন পরীক্ষা (Mains Exam) : প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণদের জন্য এই পরীক্ষাটি হয়। এটি ২টি ভাগে বিভক্ত — অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ:

অবজেক্টিভ টেস্ট (Objective Test): ২০০ নম্বরের এই পরীক্ষার সময়কাল ৩ ঘণ্টা। এতে মোট ৪টি বিভাগ থাকে: ১. রিজনিং ও কম্পিউটার অ্যাপটিটিউড (৪০টি প্রশ্ন, ৬০ নম্বর, ৫০ মিনিট)। ২. ডেটা অ্যানালাইসিস ও ইন্টারপ্রিটেশন (৩০টি প্রশ্ন, ৬০ নম্বর, ৪৫ মিনিট)। ৩. জেনারেল, ইকোনমি ও ব্যাঙ্কিং সচেতনতা (৬০টি প্রশ্ন, ৬০ নম্বর, ৪৫ মিনিট)। ৪. ইংরিজি ভাষা (৪০টি প্রশ্ন, ২০ নম্বর, ৪০ মিনিট)।

ডেসক্রিপ্টিভ টেস্ট (Descriptive Test): এটি ৩০ নম্বরের পরীক্ষা ও সময় ৩০ মিনিট। এটি কম্পিউটার টাইপিংয়ের মাধ্যমে দিতে হয় ও ইংরিজি ভাষার দক্ষতা যাচাই করা হয়, সাম্প্রতিক প্যাটার্ন অনুযায়ী এতে মূলত ইমেইল রাইটিং, সিচুয়েশন অ্যানালাইসিস, ও রিপোর্ট বা প্রেসি (Precis) রাইটিং থাকে।

৩. পর্যায়-৩ ( সাইকোমেট্রিক, গ্রুপ এক্সারসাইজ ও ইন্টারভিউ) :

সাইকোমেট্রিক টেস্ট (Psychometric Test) : প্রার্থীদের ব্যক্তিত্বের বৈশিষ্ট্য মূল্যায়নের জন্য অনলাইনে একটি সাইকোমেট্রিক পরীক্ষা নেওয়া হয়, যার ফলাফল ইন্টারভিউ প্যানেলকে দেওয়া হয়। গ্রুপ এক্সারসাইজ (Group Exercise) ও ইন্টারভিউ (Interview): এই ধাপটির মোট পূর্ণমান ৫০। এর মধ্যে গ্রুপ এক্সারসাইজের জন্য ২০ নম্বর ও ইন্টারভিউয়ের জন্য ৩০ নম্বর বরাদ্দ থাকে।

বিশেষ দ্রষ্টব্য: মেধা তালিকা তৈরির ক্ষেত্রে প্রিলিমিনারি পরীক্ষার নম্বর যোগ করা হয় না। চূড়ান্ত মেরিট লিস্ট তৈরি হয় শুধুমাত্র মেইনস পরীক্ষা ও ফেজ ৩ (ইন্টারভিউ ও গ্রুপ এক্সারসাইজ)-এর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

নিয়মিত অনুশীলন করুন:

● বিগত বছরের প্রশ্নপত্র সমাধান করুন : পরীক্ষার ধরণ ও জিজ্ঞাসা করা প্রশ্নের ধরণ সম্পর্কে ধারণা পেতে বিগত বছরের প্রশ্নপত্র অনুশীলন করুন।

● মক টেস্ট নিন : আপনার প্রস্তুতি মূল্যায়ন করতে ও সময় ব্যবস্থাপনা উন্নত করতে নিয়মিত মক টেস্ট চেষ্টা করুন।

সাধারণ সচেতনতার জন্য আপডেট থাকুন:

ব্যাঙ্কিং /আর্থিক সচেতনতা বিভাগের জন্য, সংবাদপত্র, ম্যাগাজিন পড়ে প্রতিদিনের বিষয়গুলি সম্পর্কে আপডেট থাকুন।

গতি ও নির্ভুলতার ওপর মনোযোগ দিন:

পরীক্ষার সময় সীমিত, তাই আপনাকে গতি ও নির্ভুলতা উভয়ই উন্নত করার জন্য কাজ করতে হবে। নির্ভুলতার সঙ্গে আপস না করে দ্রুত প্রশ্ন সমাধানের অনুশীলন করুন, বিশেষ করে প্রিলিমিনারিতে।

ব্যাঙ্ক, রেল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## রেলের গ্রুপ 'ডি'র 'সিবিটি-।'

১ পাতার পর

অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স)-২০টি, (২) অঙ্ক-২৫টি, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০টি, (৪) জেনারেল সায়েন্স-২৫টি। সময় থাকবে দেড় ঘন্টা। কলকাতা, রাঁচি, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

## ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪০,৩১২ চাকরি

১ পাতার পর

GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন বেসড ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের এই বিভাগে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৬,০০০ থেকে ৮,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১,০০০ থেকে ১,৫০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৫ থেকে ৬ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' বেসিক ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। কিন্তু, গত কয়েক মাসে এই বিভাগে নিয়োগের ট্রেন্ড সম্পূর্ণরূপে বদলে গেছে। এখন রিক্রুটাররা খুঁজছে, তাদেরকে যাঁরা GenAI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ের সাথে অটোমেশনেও সমানভাবে দক্ষ। উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩১.০৭.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে এক্ষেত্রে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, Linkedin, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। কিন্তু এখন **AI Generalist** বা **AI Orchestrator** হিসাবে সবচেয়ে বেশি নিয়োগ হচ্ছে। ভবিষ্যতে এই ২ পদেই শুধুমাত্র নিয়োগ হবে বলে মনে করা হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এই সময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে Agentic AI আলাদাভাবে শেখানো হয়। যাতে এখানকার ছেলেমেয়েরা খুব সহজেই **'Main Agent-Sub Agent' Model** খুব সহজেই তৈরি করতে পারে। যা যেকোনো ভালো কোম্পানিতে তার নিয়োগ সুনিশ্চিত করবে। (৩) এখানে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য **SEMrush** বা **Google Keyword Planner** বা Ubersuggest-এর মত সফটওয়্যার টুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৪) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation এর এমন সব টুলস (Gohighlevel 1 & 2, WP Automation, E-mail Automation) শেখানো হয় জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৫,০০,০০০ থেকে ৬,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৫) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৮) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৯) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১০) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার টুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১১) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১২) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৩) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৪) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

> উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৫,০০,০০০ টাকা থেকে ৬,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৫০টি থেকে ৬০টি কোম্পানিতে ২,৫০০ থেকে ৩,৫০০ চাকরি হয়।

## BAR Council of India স্বীকৃত Law কলেজ থেকে LL.B (3 yrs. / 5 yrs.) কোর্সে Law পাশ করে আইনজীবী পেশায় বিভিন্ন ধরনের কাজের সুযোগ

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি চলছে**

**বিশেষ প্রতিবেদন :** আইন পেশা হল এমন একটি পেশা যার মাধ্যমে আপনি সুনিশ্চিত ভবিষ্যত গড়ে তুলতে পারেন, কারণ প্রতিনিয়ত এই পেশার প্রয়োজনীয়তা সমাজের প্রত্যেক শ্রেণির নাগরিকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দরকার হচ্ছে। ল' পাশ করার পর সাধারণত কোর্ট প্র্যাক্টিস করতে হয় সাধারণ মানুষের এটাই ধারণা। কিন্তু এই ধারণা পুরোপুরি সঠিক নয়। কোর্ট প্র্যাক্টিস ছাড়াও ল' পাশ করে বিভিন্ন ধরনের কাজের সুযোগ রয়েছে। যেমন ম্যারেজ রেজিস্টার হওয়া, জমি-বাড়ি-ফ্ল্যাট রেজিস্ট্রেশনের কাজ করা, বি.এল.এল.আর.ও অফিসে জমি-বাড়ি-ফ্ল্যাট'এর রেকর্ড (পরচা) / মিউটেশন তৈরি করার কাজ। RTO অফিসের মাধ্যমে চার চাকা / দু'চাকা গাড়ি কেনাবেচার পর তার নাম পরিবর্তন সংক্রান্ত কাজ, ক্লাব / সোসাইটি রেজিস্ট্রেশনের কাজ, ইনকাম ট্যাক্স / জি.এস.টি সংক্রান্ত কাজ, ক্রেতা-বিক্রেতা (Consumer Protection) সংক্রান্ত কাজ। এছাড়াও আছে একাধিক কাজের সুযোগ। যেমন, ব্যাঙ্কের লোন, বন্ধকী, সারফেসি, DRT সংক্রান্ত কাজ, কো-অপারেটিভ সোসাইটি সংক্রান্ত কাজ, কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি মিউটেশন সংক্রান্ত কাজ, বিভিন্ন Tribunal (LRTT, SAT, CAT, Income Tax, Labour, Banking) সংক্রান্ত কাজ করে ভালো রোজগারের সুযোগ আছে ল' পাশ করে।

মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভর্তি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে প্রতিষ্ঠিত হয়েছেন।

এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

## কেন্দ্রীয় সংস্থায় ৭ কর্মমুখী কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৫-'২৭ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৭টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে : ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়ার, ড্রাফটসম্যান মেকানিক্যাল, টার্নার ও ওয়েল্ডার। প্রথম ৬টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। এ কথা নিশ্চিতভাবে বলা যায়, এখান থেকে ট্রেনিং নিলে চাকরি হবেই। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বান্টিকুরি, হাওড়া। ফোন- 8910394968, 8134994989, 8777828421. ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/Howrah.

## WBCS পরীক্ষার ফ্রি ডেমো হবে ১১, ১২ জুলাই কৌটিল্য সিভিল সার্ভিস অ্যাকাডেমিতে

**নিজস্ব সংবাদদাতা :** সর্বাধিক বার WBCS Prelims ও Mains পরীক্ষায় চূড়ান্ত সফল ও বর্তমানে WBCS আধিকারিক হিসাবে রাজ্যে কর্মরত নির্মল ঘোষ— ভবিষ্যৎ জেনারেশন এর WBCS aspirant দের সজাগ হওয়ার জন্য বলেন। ২০২৪ সালের WBCS Prelims-এ 140 + out of 200 না পেলে— Mains-এ বসা যাবে না General candidate-দের ক্ষেত্রে। 130 + for SC, 95+ for ST/PWD, 135 + for SC, 95+ for ST/PWD, 135+ for OBC. মাত্র 15টি প্রশ্ন নতুন ধরনের এসেছে। 185টি প্রশ্ন কমন। ইংরিজির 25টির মধ্যে 22টি খুব সাধারণ মানের। এবার 25 হাজার প্রার্থী 125 এর বেশি নম্বর পাবে আশা করা হচ্ছে। 12 হাজার যদি ডাকে 140-এর নীচে কাট অফ নামবেই না। তাই 140 এর নীচে যাঁরা নম্বর পাচ্ছেন, তাঁরা 2025, 2026, 2027 এর WBCS এর দিকে নজর দিন। আশা করা হচ্ছে সামনের তিনটি পরীক্ষায় আগামী 12 মাসের মধ্যেই হবে। 2024 এর মেইনস ও 2025 এর প্রিলির বিস্তারিত তথ্য জানতে সরাসরি 11 ও 12 জুলাই Kautilya Civil Service Academy, Dum Dum Cantonment এর FREE DEMO Class-এ অংশগ্রহণ করুন। ফোন : 9836336298, 9836041198.

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর নিশ্চিত চাকরির ট্রেনিং

**নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর :** আপনি কি কর্পোরেট হসপিটালিটি ইন্ডাস্ট্রিতে চাকরি খুঁজছেন? আজই যোগাযোগ করুন CIHM-Central Institute of Hotel and Hospitality Management College, কলকাতা, ব্যারাকপুর-এ। এখানে ভোকেশনাল, ডিপ্লোমা, ডিগ্রি, মাস্টার্স চাকরিমুখি কোর্সের ভর্তি চলছে। CIHM কেন্দ্রীয় সরকার, ISO ও UGC অনুমোদিত বিশ্ববিদ্যালয় স্বীকৃত এমন একটি প্রফেশনাল শিক্ষা প্রতিষ্ঠান যেখানে হোটেল, হসপিটাল, হসপিটালিটি, অ্যাভিয়েশন, কালিনারি, ক্রুজশিপ ম্যানেজমেন্টের বিভিন্ন কোর্স করিয়ে মধ্যবিত্ত দুঃস্থ ছেলেমেয়েদের স্কলারশিপের মাধ্যমে এবং প্রয়োজনীয় প্রার্থীদের নিজে উপার্জন করে পড়াশোনা চালানোর ব্যবস্থা করে থাকে। এখানে লিখিত ১০০% Job Bond দিয়ে দেশ বিদেশের বিভিন্ন স্টার ক্যাটেগরির হসপিটালিটি ইন্ডাস্ট্রিতে চাকরি দেওয়া হয়। বয়সসীমা ১৮ থেকে ২৮ বছর। আসন সংখ্যা সীমিত, ভর্তির জন্য আজই যোগাযোগ করুন :- 9330364982, 8013990366. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস।


নতুন সরকার, চাকরির নতুন সুযোগ!!
All India Institute of Local Self Government, Mumbai অনুমোদিত ও সরকার স্বীকৃত
**Sanitary Inspector**
ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে
যোগ্যতা : SI (H.S & Computer Basic)
শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — স্বাস্থ্যমন্ত্রক, রেল, Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, ও অন্যান্য ক্ষেত্রে।
এখানে CMS & ED কোর্স করানো হয়
2025-26 বর্ষে 4 জন রেলে ও 32 জন পুর নিগমে চাকরি পেয়েছে
IIHT www.iiht.in (11 AM to 4 PM)
226 B. B. Ganguly Street Bowbazar, Kol-12
9836396734, 7003224427, 9831774517, 9051260924





# অ্যাপোলো কেয়ার ইনস্টিটিউট— ভবিষ্যতের স্বাস্থ্যকর্মী গড়ার কারখানা

## মাধ্যমিক / উচ্চমাধ্যমিক এর পর স্বাস্থ্যক্ষেত্রে কেরিয়ার করতে চান? নার্সিং, OT, CCU, Pharmacy, Lab Technician এক ছাদের তলায় সব সুযোগ

নিজস্ব প্রতিনিধি : কলকাতা রোগীর সেবা মানেই শুধু ডাক্তার নয়। একজন দক্ষ নার্স, OT Techncian, Lab Technician বা Pharmacist-এর ভূমিকাও সমান গুরুত্বপূর্ণ। আজকের দিনে স্বাস্থ্য পরিষেবা সবচেয়ে দ্রুত বর্ধনশীল ক্ষেত্র। আর এইক্ষেত্রে চাকরির অভাব নেই। কিন্তু একটি প্রশিক্ষণ বা প্রতিষ্ঠান ছাড়া এগোনো কঠিন। ঠিক এই কারণেই রাজ্যের ছাত্রছাত্রীদের কাছে এখন ভরসার নাম বালিগঞ্জের Apollo Care Institute.

**Apollo Care Institute** আলাদা কেন? প্রতিষ্ঠানের অধ্যক্ষ জানালেন, 'আমাদের লক্ষ্য শুধু সার্টিফিকেট দেওয়া নয়। একজন ছাত্রছাত্রী ভবিষ্যতের উপযুক্ত প্লেসমেন্ট দেওয়াটাও আমরা আমাদের দায়িত্ব মনে করি।' এখানে প্রতিটি কোর্সেই রয়েছে হাসপাতাল ভিত্তিক ইন্টার্নশিপ, ফলে পড়াশোনার পাশাপাশি প্র্যাক্টিক্যালের দিকটাও ডেভেলপ হয়ে থাকে। এছাড়াও আরো কিছু সুযোগ-সুবিধা আমরা দিয়ে থাকি। যেমন— (১) অভিজ্ঞ শিক্ষক, শিক্ষিকাদের তত্ত্বাবধানে ক্লাস্ করানো। (২) ডিজিটাল ক্লাসরুম। (৩) ফ্রি wi-fi. (৪) উন্নতমানের প্র্যাকটিক্যাল রুম। (৫) ফ্রি কম্পিউটার প্রশিক্ষণ। (৬) ইনস্টলমেন্ট ফিস। (৭) স্কলারশিপ প্রদান। (১০) চাকরির সুযোগ। (১১) অনলাইন/অফলাইন ক্লাস করার সুযোগ। অধ্যক্ষ আরও বলেন, 'আমাদের এখানে কিস্তিতে ফি দেওয়ার পাশাপাশি, কোর্স চলাকালীন আমরা ছাত্রছাত্রীদের ফ্রি মেডিকেল কেস গিফট করি ও কোর্স শেষ হওয়ার আগেই আমরা ছাত্রছাত্রীদের বিভিন্ন হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে পাঠিয়ে দিই। কলেজের ভর্তি বিভাগ থেকে জানানো হয়েছে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের জন্য ভর্তি শুরু হয়েছে। মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক (আর্টস, কমার্স, সায়েন্স) ছাত্রছাত্রী উভয়ের সুযোগ আছে। আমাদের এখানে মূলত যে কোর্সগুলি ভর্তি নেওয়া হচ্ছে— (১) নার্সিং কোর্স : GNM ৩ বছর (WBNC / INC / KNC), P.B.Sc. ২ বছর (WBNC / KNC / INC), B.Sc. ৪ বছর (WBNC / KNC / INC), Diploma ২ বছর (Govt. of India, B55). (২) প্যারামেডিক্যাল কোর্স : CCU টেকনিশিয়ান, OT টেকনিশিয়ান, ফার্মেসি, ল্যাব টেকনিশিয়ান, ফিজিওথেরাপি। (৩) স্কিল বেসড শর্ট টার্ম কোর্স : যারা তাড়াতাড়ি স্বল্প খরচে চাকরিতে ঢুকতে চায় তাদের জন্য (৬ মাস-১ বছর)। আগ্রহী প্রার্থীরা সরাসরি কলেজে এসে বা ফোন করে অনলাইন ফর্ম ফিলাপ করতে পারেন। আসন সংখ্যা সীমিত। যোগাযোগ করুন : অ্যাপোলো কেয়ার ইনস্টিটিউট (A Govt. Affiliated Medical Training Institute), ঠিকানা : ২০/১ বালিগঞ্জ স্টেশন রোড, কলকাতা ৭০০০১৯। ফোন : 6289592046, 9674307928.

### সেবার মাধ্যমে গড়ুন নিজের ভবিষ্যৎ, অ্যাপেলো কেয়ার ইনস্টিটিউট—আপনার কেরিয়ারে প্রথম ধাপ

**স্বাস্থ্য পরিষেবায় ভবিষ্যৎ উজ্জ্বল**

- পশ্চিমবঙ্গে প্রতি বছর ২০০ এর বেশি স্বাস্থ্যকর্মীর চাহিদা বাড়ছে।
- সরকারি হাসপাতাল, নার্সিংহোম, ডায়াগনস্টিক সেন্টার, ফার্মাসিতে প্রচুর শূন্যপদ।
- OT Technician, CCU Technician, Physiotherapist দের বেতন ও চাহিদা দুই-ই বেশি।
- কোর্স শেষে 100% প্লেসমেন্ট সহায়তা দেওয়া হয়।

# ডিজিটাল মার্কেটিংয়ে ৫২,৩২৮ চাকরি

১ পাতার পর

পে-প্যাকেজ নিয়ে কেরিয়ার শুরু করতে পারবেন। সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'Deloitte' এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে 'গত ৩ মাসে (এপ্রিল - জুন, ২০২৬) দেশের প্রায় ৩,০২২টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৫২,৩২৮ জন স্কিলড কর্মীর নিয়োগ হয়েছে— যাদের বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক'। অবাক হওয়ার মত এই রিপোর্ট-এর ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "দেখুন আজকের দিনে দাঁড়িয়ে যেকোনো ইন্টারভিউ বোর্ডে 'আমি জানি' বললে কেউ বিশ্বাস করে না — 'আমি করে দেখাতে পারি' বললে তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে পারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস —যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT -র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২০০৫ সাল থেকে তৈরি হওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে ডিজিটাল মার্কেটিং ট্রেনিং প্রোভাইডার হিসাবে ৬০,০০০ জনের বেশি ক্যান্ডিডেটকে Google, Accenture, Dabur, Samsung, Dell, Adobe, Amazon, TechMahindra, Reliance Digital, Paytm, Zomato, OYO, Motilal Oswal, Aditya Birla Group, Bandhan Bank, GKB Opticals, Pantaloons মত বিখ্যাত সংস্থায় চাকরি দিয়েছে। ২০০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?**

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেন্ড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?**

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরিতে কীভাবে সফল হবেন

## বিস্তারিত তথ্য দিচ্ছেন চাকরিGB

নিজস্ব সংবাদদাতা : সপ্তাহ দুয়েক আগে শেষ হল কর্মসংস্থানের উদ্যোগে ভিড়ে ভিড়াক্কার দু'দিনের 'কেরিয়ার ফেয়ার'। উপস্থিত ছাত্রছাত্রীদের ৮০ শতাংশই একাদশ / দ্বাদশ শ্রেণির। যেটা লক্ষ্যণীয় ও প্রশংসনীয়। এমন উদ্যোগ 'কেরিয়ার ফেয়ার'কে যেমন সমৃদ্ধ করেছে, পাশাপাশি ছাত্রছাত্রী, তাদের সঙ্গে আসা শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকরাও কেরিয়ারের বহুমুখী সুযোগ-সুবিধা সম্পর্কে জানতে পেরেছেন।

এখন আসা যাক, একাদশ / দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীদের মূল চাহিদা সম্পর্কে আমরা কী জানতে পারলাম— এই প্রসঙ্গে। তাদের কি আদৌ সরকারি চাকরির প্রতি ঝোঁক রয়েছে, নাকি 'বাবা প্রশ্ন কী কঠিন' বলে আজও সযত্নে এড়িয়ে যাবার চেষ্টা। যতটুকু বোঝা গেল, স্কুল কলেজগুলোতে সরকারি চাকরির পরীক্ষা প্রস্তুতি বিষয়ক সেমিনার প্রয়োজন। যে সেমিনারের বক্তা হবেন প্রাক্তন কোনো সরকারি আধিকারিক। যিনি বোঝাতে পারবেন, বর্তমান সরকারি চাকরির আকর্ষণীয় সুযোগ, সুবিধা, সম্মান ও নিশ্চিত ভবিষ্যতের খুঁটিনাটি দিকগুলো। বিভিন্ন স্কুলের শিক্ষকদের সঙ্গে আমি একজন প্রাক্তন সরকারি আধিকারিক হিসেবে কথা বলে যথেষ্ট আশাব্যঞ্জক সাড়াও পেয়েছি। ব্যক্তিগতভাবে মনে হয়েছে, বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকার যেভাবে বিরাট অংশের শূন্যপদ ভর্তির প্রক্রিয়া শুরু করেছেন, প্রতিটি উচ্চবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের SSC-CGL, SSC-CHSL, WBPSC CLERKSHIP, WB-MISC-COMBO, Railways ALP, WBP, KP, Defense Service, RRB NTPC ইত্যাদি সম্পর্কে অবহিত করা উচিত ও উৎসাহিত করা উচিত। চাকরিGB Great Basket Career (89023 56967) এমন একটি বিশেষ প্রতিষ্ঠান, যা কি-না সম্পূর্ণভাবে অবসরপ্রাপ্ত সরকারি আধিকারিক দ্বারা পরিচালিত, যারা দীর্ঘদিন ধরেই পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে সরকারি চাকরি বিষয়ক কেরিয়ার কাউন্সেলিং করে চলেছে। WBCS, UPSC, SBI-PO, IBPS PO এসবের বাইরেও যে আন্ডার গ্র্যাজুয়েটরা বহু সরকারি চাকরির প্রস্তুতি নিতে পারেন, এবার তা উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলোতেও, কেরিয়ার কাউন্সেলিংয়ের মাধ্যমে জানাবার ক্ষেত্র প্রস্তুত হয়েছে। চাকরি মানেই যে কেবলমাত্র আই-টি নির্ভর, ম্যানেজমেন্ট স্টাডি নির্ভর, এই অস্পষ্ট ধারণাকে বুড়ো আঙুল দেখিয়ে 'চাকরিGB Great Basket Career' প্রতিষ্ঠান (9830200210): ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের ৯৯ শতাংশকেই সরকারি চাকরিজীবী তৈরি করে ছেড়েছে।

আন্ডার-গ্র্যাজুয়েটদের জন্য নীচে সবচেয়ে জনপ্রিয় ও নিশ্চিত কেরিয়ার গড়ার মতো পরীক্ষার তালিকা দেওয়া হলো:

১. কেন্দ্রীয় সরকারি চাকরি **(Staff Selection Commission-SSC):** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক ও বিভাগে ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট ও ডাটা এন্ট্রি অপারেটর পদের জন্য এসএসসি প্রতি বছর পরীক্ষা নেয়।

- **SSC CHSL (Combined Higher Secondary Level) :** এটি উচ্চমাধ্যমিক পাশদের জন্য সবচেয়ে জনপ্রিয় পরীক্ষা। এর মাধ্যমে Lower Division Clerk (LDC), Junior Secretariat Assistant (JSA) ও Data Entry Operator (DEO) পদে নিয়োগ করা হয়।
- **SSC GD Constable :** আপনি যদি ডিফেন্স বা আধাসামরিক বাহিনীতে যেতে চান, তবে BSF, CISF, CRPF, SSB, ITBP-তে কনস্টেবল পদের জন্য এটি দারুণ সুযোগ। (ন্যূনতম যোগ্যতা মাধ্যমিক হলেও উচ্চমাধ্যমিক পাশরা বিপুল সংখ্যায় বসেন)।
- **SSC Stenographer (Grade C & D) :** আপনার যদি স্টেনোগ্রাফি বা শর্টহ্যান্ড টাইপিং জানা থাকে (বা শেখার আগ্রহ থাকে), তবে এই পরীক্ষা দিয়ে সরাসরি কেন্দ্রীয় সরকারের ভালো পদে যাওয়া সম্ভব।

২. ভারতীয় রেল **(Indian Railways - RRB) :** বিশ্বের অন্যতম বৃহৎ নিয়োগকারী সংস্থা রেলওয়েতে ১২ পাসের পর বেশ কিছু নন-টেকনিক্যাল ও টেকনিক্যাল পদে বসা যায়।

- **RRB NTPC (Undergraduate Posts):** এর অধীনে Commercial cum Ticket Clerk, Accounts Clerk cum Typist, Junior Clerk cum Typist-এর মতো জনপ্রিয় পদগুলোতে নিয়োগ হয়।
- **Railways ALP (Assistant Loco Pilot) / Technicians:** আপনার উচ্চমাধ্যমিকে যদি Pure Science (Physics & Mathematics) থাকে অথবা ITI করা থাকে, তবে আপনি লোকো পাইলট বা টেকনিশিয়ান পদের জন্য যোগ্য।

৩. ডিফেন্স ও সামরিক বাহিনী

৪. পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি চাকরি : P.Sc. Clerkship, পশ্চিমবঙ্গ পুলিশ, কলকাতা পুলিশ, Excise, মিসলেনিয়াস, WBCS ইত্যাদি পরীক্ষা। 1

**বিগত বছরের প্রশ্ন ও মক টেস্টের ভূমিকা :**

- **PYQ অ্যানালিসিস:** প্রস্তুতি শুরুর প্রথমেই বিগত ৫-১০ বছরের WBCS ও Miscellaneous পরীক্ষার প্রশ্নপত্র সমাধান করুন। এতে পিএসসির প্রশ্নের ট্রেন্ড বা ধরন বোঝা সহজ হবে।
- **মক টেস্ট:** সিলেবাস ৭০% শেষ হওয়ার পর থেকেই নিয়মিত টাইম-বাউন্ড মক টেস্ট দেওয়া শুরু করুন। এটি পরীক্ষার হলের চাপ সামলাতে ও নেগেটিভ মার্কিং নিয়ন্ত্রণ করতে সাহায্য করবে।

**সফলতার মূল চাবিকাঠি :** WBPSC-র পরীক্ষায় সফলতার মূল মন্ত্র হলো 'Limited Resources, Maximum Revision'। অনেক বই না কিনে, প্রতিটি বিষয়ের জন্য একটি বা দুটি স্ট্যান্ডার্ড বই নির্দিষ্ট করুন ও সেটিকেই বারবার রিভিশন দিন। প্রিলিমিনারি ও মেইনসের প্রস্তুতিকে আলাদা না ভেবে প্রথম থেকেই একটি সমন্বিত দৃষ্টিভঙ্গি নিয়ে এগোলে সাফল্য নিশ্চিত। আর, 'চাকরি GB Great Basket Career' একটি ত্রিস্তরীয় ব্যাচ স্ট্রাকচার ও মডিউলার প্ল্যান নিয়ে প্রায় একশো শতাংশ সাফল্য নিশ্চিত করছে আন্ডার-গ্র্যাজুয়েট ছাত্রছাত্রীদের জন্য। এখানে সম্পূর্ণ বিনামূল্যে কেরিয়ার কাউন্সেলিং ও ফ্রি ডেমো ক্লাস চলছে প্রত্যেক সপ্তাহে। এই কঠিন দুর্মূল্যের বাজারে অ্যাসপিরেন্টসদের জন্য এমন অবৈতনিক সুযোগ, বিরল থেকে বিরলতম।

## ৬,৭১৫ প্রবেশনারি অফিসার

১ পাতার পর

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২৬'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : (১) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া : ৫০০টি (জেনাঃ ২০৩, তঃজাঃ ৭৫, তঃউঃজাঃ ৩৭, ও.বি.সি. ১৩৫, ই.ডব্লু.এস. ৫০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৫, অস্থি প্রতিবন্ধী ৫, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৫, আই.ডি. ৫)। (২) কানাড়া ব্যাঙ্ক : ১,৫০০টি (জেনাঃ ৬০৮, তঃজাঃ ২২৫, তঃউঃজাঃ ১১২, ও.বি.সি. ৪০৫, ই.ডব্লু.এস. ১৫০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১৫, অস্থি প্রতিবন্ধী ১৫, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১৫, আই.ডি. ১৫)। (৩) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া : ৫০০টি (জেনাঃ ২০৩, তঃজাঃ ৭৫, তঃউঃজাঃ ৩৭, ও.বি.সি. ১৩৫, ই.ডব্লু.এস. ৫০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৫, অস্থি প্রতিবন্ধী ৫, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৫, আই.ডি. ৫)। (৪) ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক : ৫৫০টি (জেনাঃ ২২৩, তঃজাঃ ৮৪, তঃউঃজাঃ ৪১, ও.বি.সি. ১৪৮, ই.ডব্লু.এস. ৫৪)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৯, অস্থি প্রতিবন্ধী ৮, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৬, আই.ডি. ৮)। (৫) পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক : ৫০৪টি (জেনাঃ ২০৪, তঃজাঃ ৭৬, তঃউঃজাঃ ৩৮, ও.বি.সি. ১৩৬, ই.ডব্লু.এস. ৫০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৫, অস্থি প্রতিবন্ধী ৫, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৫, আই.ডি. ৫)। (৬) পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক : ১৬১টি (জেনাঃ ৬২, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৪৭, ই.ডব্লু.এস. ১৫)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৪, অস্থি প্রতিবন্ধী ২, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১, আই.ডি. ৯)। (৭) ব্যাঙ্ক অফ বরোদা : ১,৯০০টি (জেনাঃ ৭৭০, তঃজাঃ ২৮৫, তঃউঃজাঃ ১৪২, ও.বি.সি. ৫১৩, ই.ডব্লু.এস. ১৯০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১৯, অস্থি প্রতিবন্ধী ১৯, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১৯, আই.ডি. ১৯)। (৮) ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র : ১,১০০টি (জেনাঃ ৪৪৬, তঃজাঃ ১৬৫, তঃউঃজাঃ ৮২, ও.বি.সি. ২৯৭, ই.ডব্লু.এস. ১১০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১১, অস্থি প্রতিবন্ধী ১১, দৃষ্টিহীন প্রতিবন্ধী ১১, আই.ডি. ১১)।

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে আগস্টে। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল, বর্ধমান, হুগলি, কল্যাণী। অসমের ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর, তেজপুর। বিহারের ভাগলপুর, দ্বারভাঙা, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া, সমস্তিপুর, গয়া, আরা, ঔরঙ্গাবাদ। ঝাড়খণ্ডের বোকারো স্টিল সিটি, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। ওড়িশার বালাশোর, বেরহামপুর (গঞ্জাম), ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেল্লা, সম্বলপুর। সিকিমের বারডাং/গ্যাংটক। ত্রিপুরার আগরতলা। প্রশ্ন হবে ইংরিজিতে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বর, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৩৫ নম্বর, (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। কল লেটার ডাউনলোড করতে পারবেন আগস্টে। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে সেপ্টেম্বরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা। মেন পরীক্ষা হবে অক্টোবরে, আসানসোল, গ্রেটার কলকাতা, দুর্গাপুর, কল্যাণী, শিলিগুড়িতে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৭০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং-৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -২০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৩) জেনারেল /ইকনমি /ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস -৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৪) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন -৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট।

এছাড়াও ইংলিশ ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা) পেপারে ২৫ নম্বরের ২টি প্রশ্ন। সময় থাকবে ৩০ মিনিট।

প্রশ্ন হবে ইংরিজিতে। মেন পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বর-অক্টোবরে। প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষার ফল বেরোবে নভেম্বরে। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউ হবে ডিসেম্বর-জানুয়ারিতে। ইন্টারভিউয়ে ৪০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ের নম্বর যোগ করে অর্থাৎ ৮০:২০ অনুপাতে কম্বাইন্ড ফাইনাল স্কোর তৈরি হবে। তখন প্রভিশনাল অ্যালোটমেন্ট করা হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। ইন্টারভিউয়ের সময় নীচের এইসব প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল নিয়ে যাবেন : (১) ইন্টারভিউয়ের কল লেটার, (২) সিস্টেম জেনারেটেড অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম, (৩) মাধ্যমিকের সার্টিফিকেট, (৪) ফটো আইডেন্টিটি কার্ড, (৫) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশীট ও সার্টিফিকেট, (৬) কাস্ট সার্টিফিকেট, (৭) প্রতিবন্ধীরা দেবেন ডাক্তারি সার্টিফিকেট, (৮) প্রাক্তন সমরকর্মীরা দেবেন যথাবিহিত সার্টিফিকেট, (৯) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে)।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার 'কল লেটার' শুধুমাত্র ওপরের ওই ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। লিখিত পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট / এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাশপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

তপশিলী, প্রতিবন্ধী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের বেলায় প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে আগস্টে, কলকাতা, শিলিগুড়ি, শিলং, আগরতলা, ভুবনেশ্বর, ধানবাদ, গুয়াহাটি, পটনা, রাঁচি-সহ অন্যান্য শহরে। এজন্য দরখাস্ত করার সময় সংশ্লিষ্ট কলম পূরণ করবেন। প্রি-এক্সামিনেশন ট্রেনিংয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন আগস্টে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব বিষয় নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের ফটো (৪.৫×৩.৫ সেমি) ও নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। ২০০ ডি.পি.আই.'তে জে.পি.ই.জি., জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করবেন। সিগনেচারের মাপ হতে হবে ১৪০×৬০ পিক্সেল (১০-২০ কে.বি.) আর ফটোর মাপ হতে হবে ২০০×২৩০ পিক্সেল (২০-৫০ কে.বি.)।

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। এবার যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা মাস্টার কার্ড / ভিসা ডেবিট, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর রেজিস্ট্রেশন হয়ে যাবে ও রেজিস্ট্রেশন নম্বর আর পাশওয়ার্ড পাবেন। আর 'e-receipt' পাবেন। যা প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## পুজোর আগেই শিক্ষক নিয়োগের

১ পাতার পর

হবে, তা নিয়ে অনিশ্চয়তা রয়েছে। অন্যদিকে, নবম-দশম শ্রেণির ইন্টারভিউ কবে থেকে শুরু হবে, তাও এখনো ঠিক হয়নি। আদালতের রায়ে ক্লার্ক ও গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষা হলেও এখনো লিখিত পরীক্ষার ফলও বেরোয়নি। কবে ফল বেরোবে ও ইন্টারভিউ কবে থেকে শুরু হবে তা নিয়েও একাধিক প্রশ্ন হবু শিক্ষক, শিক্ষাকর্মীদের মধ্যে।

যাঁরা ফ্রেশার প্রার্থী, তাঁদের দাবি আপার প্রাইমারিতে নতুন করে কবে নিয়োগ প্রক্রিয়া শুরু হবে? কবে আপার প্রাইমারি 'টেট' হবে। অন্যদিকে, নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের শিক্ষক-শিক্ষিকা পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে?

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, 'আমরা আগেই জানিয়েছিলাম, নিয়োগসংস্থায় কোনো রাজনৈতিক ব্যক্তিত্ব থাকবে না। ইউ.পি.এস.সি.'র ধাঁচে নিয়োগকারী সংস্থা চালানো হবে। সরকার সেই প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে পালন করেছে। স্বচ্ছতা ও নিরপেক্ষতা সুনিশ্চিত করতে রাজ্যের অত্যন্ত অভিজ্ঞ ও বরিষ্ঠ আই.এ.এস. আধিকারিক দুষ্মন্ত নারিয়ালকে স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান পদের দায়িত্ব দেওয়া হয়েছে।' স্কুল শিক্ষা দফতর সূত্রে খবর, নতুন চেয়ারম্যান কাজে যোগ দিলেই স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে দ্রুততার সঙ্গে নিয়োগপ্রক্রিয়া শুরু করা হবে। এজন্য স্কুল সার্ভিস কমিশনকে ঢেলে সাজানো হচ্ছে। প্রতি বছরই 'টেট' যেমন হবে, তেমনি নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকাও নেওয়া হবে। ক্লার্ক ও গ্রুপ-ডি পদেও নিয়মিত নিয়োগ করা হবে। যে সব পদের নিয়োগসংক্রান্ত বিষয়টি আদালতের অধীনে আছে, সেগুলি আদালতের রায় মেনেই নিয়োগপ্রক্রিয়া এগোবে। পুজোর আগেই স্কুল সার্ভিস কমিশন আপার প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি বের করতে চায়।

কেন্দ্রীয় শিক্ষা রাষ্ট্রমন্ত্রী সুকান্ত মজুমদার আগেই জানিয়েছিলেন, 'এবার থেকে সরকারি চাকরির পরীক্ষা হবে নিয়মিত ও নিয়োগও হবে নিয়মিতভাবে। যাঁরা সরকারি চাকরির স্বপ্ন দেখছেন, তাঁরা একশো শতাংশ নিশ্চিত থাকুন, আপনার স্বপ্ন সফল হবেই। এজন্য যা যা করণীয় তা করতে হবে। রাজ্য সরকার আপনাদের পাশেই আছে। পশ্চিমবঙ্গে চাকরি হবে দুর্নীতিমুক্ত। চাকরির নিয়োগে কোনো দুর্নীতি বরদাস্ত করা হবে না। কোনো বিজেপি নেতা চাকরি দেওয়ার নাম করে টাকা চাইলে, আমাদেরকে জানান, আমরা ব্যবস্থা নেব।'

অন্যদিকে, পশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রী ডা. শারস্বত মুখোপাধ্যায় জানিয়েছেন, ১৫ জুলাইয়ের পর থেকে রাজ্য স্বাস্থ্য দফতরে নার্স, স্বাস্থ্যকর্মী ও ডাক্তার নিয়োগের বিজ্ঞপ্তি বেরোতে পারে।

তুলসীর সরকারি চাকরির সেরা বই
TULSHIR PRIMARY TET HANDBOOK & PRACTICE SET, TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK & PRACTICE SET (SCIENCE & ARTS) এবং তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ)
এ ছাড়া ইতিহাস, অর্থনীতি, ভূগোল, সাধারণ বিজ্ঞান, গণিত ও ইংরেজি বিষয়ের আলাদা আলাদা বইগুলি সমস্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য উপযুক্ত।
Tulshi Publishing

## আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

### মাত্র ১ বছরের ট্রেনিংয়ে সাধারণ গ্র্যাজুয়েট থেকে আমি ভালো মাইনের চাকরি পেলাম



আমি অর্পিত চক্রবর্তী। গ্র্যাজুয়েশন পাশ করার পর সবার মতো আমিও চাকরি খুঁজছিলাম। চাকরি পেয়েওছিলাম। একটি নামী ইন্সুরেন্স কোম্পানিতে চাকরি করছিলাম। কিন্তু কিছুদিন ওখানে থাকার পরই বুঝেছিলাম, কোনো গ্রোথ নেই। তাই আমি ইউটিউবে বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স খুঁজছিলাম। কোনোটাই মনঃপূত হচ্ছিল না। আমি প্রত্যেক সপ্তাহে বাড়িতে কর্মসংস্থান কাগজ রাখতাম। কোথায় কি ধরনের চাকরি রয়েছে বা কি ধরনের প্রফেশনাল কোর্স পড়লে কিছু দিনের মধ্যে নিশ্চিত চাকরি পাওয়া যাবে — সেই ব্যাপারে **কর্মসংস্থান** থেকে সবটাই জানতে পারতাম। ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। খবরে দেওয়া নম্বরে ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বললেন। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। আমি তখন জানালাম যে, আমি ইন্সুরেন্স সেক্টরে আছি। কোনো ভাবেই আমার পক্ষে চাকরি ছেড়ে ট্রেনিং নেওয়া সম্ভব নয়। ওখানকার কাউন্সিলাররা জানালেন — আপনাকে চাকরি ছাড়তে হবে না। আমাদের এখানে প্রফেশনাল কোর্সের ট্রেনিং এমনভাবে দেওয়া হয় যাতে কারো কোনো অসুবিধা না হয়। আমার ব্যাকগ্রাউন্ড দেখে ওনারা ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দিলেন। আমি ৩টি ব্যাপার দেখে ভর্তি হলাম। প্রথমত এখানে একদম গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং শেখানো হবে। দ্বিতীয়ত কোর্স ফি সাধ্যের মধ্যে। তৃতীয়ত প্লেসমেন্টের ব্যাপারে সবটুকু (ডিজিটাল সিভি তৈরি করা থেকে শুরু করে ইন্টারভিউ পর্যন্ত পুরো জার্নিটা) সাহায্য করা। একটা ব্যাপারে আমি প্রথম থেকেই সচেতন ছিলাম। ২০১৬ সালে আমার বাবা মারা যান। স্বভাবতই তখন থেকেই আমাকে পুরো সংসার টানতে হয়। তাই কোনো ধরনের হঠকারিতার জায়গা ছিল না আমার। কিছু দিন পরেই বুঝেছিলাম আমি ঠিক সিদ্ধান্তই নিয়েছি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। ডিজিটাল মার্কেটিং কোর্সের পুরোটাই প্র্যাক্টিক্যাল বেস। যতই আপনি থিওরি ভালো জানুন না কেন, যতক্ষন না পর্যন্ত প্র্যাক্টিক্যালি আপনি সেটাকে প্রয়োগ করা শিখছেন ততক্ষণ পর্যন্ত চাকরির বাজারে আপনার কোনো দাম নেই। আর ঠিক এই ব্যাপারেই NIHT অদ্বিতীয়। যেকোনো ধরনের সমস্যায় এখানকার ফ্যাকাল্টি সম্পূর্ণভাবে আমাকে সাপোর্ট করেছে। ভরসা জুগিয়েছে — যাই হোক না কেন — আমি পারবোই। ঠিক ৯ মাস পর থেকে আমি বিভিন্ন জায়গায় চাকরির ইন্টারভিউ দিতে থাকি। প্রথমে আমি ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিলাম না। ধৈর্য্য ধরে প্রতিটি ইন্টারভিউয়ে কি ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে বুঝিয়ে দিয়েছে আমার মেন্টর। অবশেষে একদিন ঠিক আমি ইন্টারভিউ ক্র্যাক করলাম। কোর্সে ভর্তি হওয়ার ঠিক এক বছর পর আজ আমি সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ হিসাবে কলকাতার একটি নামী সংস্থায় কর্মরত। এখন আমি যা মাইনে পাই — ১ বছর আগেও আমি তা ভাবতে পারতাম না। এখানকার ট্রেনিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হল — একবার এখানে ঢুকলে চাকরি আপনি পাবেনই।

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

## জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

### পি.এস.সি.র

■ *পি.এস.সি.র ইংলিশ টাইপিস্ট পদে পরীক্ষা দিয়েছিলাম ২০১১ সালে। আগের সরকার ফল বের করেনি। নতুন সরকার কি এই পদের ফল বের করবে? — উত্তম বৈদ্য, বিহারী, ধামুয়া, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এই পরীক্ষা অলিখিতভাবে বাতিল হয়েছে। তাই নতুন সরকারের ফল বের করার সম্ভাবনা নেই।

■ *২০২৩ সালের ক্লার্কশিপ মেনস পরীক্ষার ফল কবে বেরোবে? — সংযুক্তা চিসিম, গাড়োপাড়া, কোচবিহার। দৈব্যঙ্গনা মৈনান, শ্যামপুর, হাওড়া।*

■■ হ্যাঁ, ফল এবছরই বেরোবে।

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের ২০২৪ সালের পরীক্ষার ফল কবে বেরোবে? এবছর এস.আই. অফ ফুডের বিজ্ঞপ্তি বেরোবে কি? — অনিমেশ।*

■■ ফুডের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার ওপর আদালতে মামলা চলছে। তাই ফল কবে বেরোবে তা আদালতের নির্দেশের ওপরই নির্ভর করছে। নতুন বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

### প্রাইমারির

■ *প্রাইমারির স্পেশাল এডুকেটর পদের 'টেট' পরীক্ষায় কী কী বিষয় থাকে? — তাপস মাঝি, গোপালনগর, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রাইমারির স্পেশাল এডুকেটর পদের 'টেট'এ ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর; (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই 'টেট' পরীক্ষায় ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রাঃসঃকঃ, প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরি হলে ৫৫%) নম্বর পেলে সফল হবেন ও 'টেট' সার্টিফিকেট পাবেন।

### পুলিশে চাকরির

■ *রাজ্য পুলিশ, কলকাতা পুলিশ ও আবগারি দফতরে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি শিগগিরই বেরোবে কি? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ এবছর পুলিশে নিয়োগ হবে। তবে প্রথমে আগের পড়ে থাকা শূন্যপদগুলি দ্রুত পূরণ হবে। তবে ওই নিয়োগ চলার সময় নতুন বিজ্ঞপ্তি বেরোবে।

### স্কুল সার্ভিসের

■ *বি.এ., এলএল.বি. কোর্স পাশ করে বি.এড. করা যায় কি? — কৌশিক মিত্র, হুগলি।*

■■ বি.এ. যোগ্যতায় বি.এড. করতে পারবেন। তখন স্কুল সার্ভিসের পরীক্ষা দিতে পারবেন।

### পঞ্চায়েতের

■ *পঞ্চায়েতে নিয়োগের জন্য অনলাইনে নাম রেজিস্ট্রেশন শুরু হয়েছে, তা সোশ্যাল মিডিয়াতে জানতে পারলাম। সত্যিই কি পঞ্চায়েতে নাম রেজিস্ট্রেশন চলছে? — সুনীতা দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ না, এখনো পঞ্চায়েতে নাম রেজিস্ট্রেশন বা, অনলাইনে দরখাস্ত নেওয়া কোনোটাই শুরু হয়নি।

■ *এ মাসে কি পঞ্চায়েতে নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে? — তাপস নস্কর, গড়িয়া, কলকাতা।*

■■ জুলাই-আগস্টে বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

### ব্যাঙ্কে চাকরির

■ *ব্যাঙ্কের পরীক্ষায় সিলেবাস কেমন থাকে? কত ধরনের পরীক্ষা হয়? — সায়ন কর্মকার, আমোদপুর, বীরভূম।*

■■ ব্যাঙ্কে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে নিয়োগ হয়। আই.বি.পি.এস. পরীক্ষার মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার নিয়োগ হয়। স্টেট ব্যাঙ্ক নিজেরাই ওই দুই পদে নিয়োগ করে। স্টেট ব্যাঙ্কে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইনে প্রিলিমিনারি পরীক্ষা হবে। তাতে সফল হলে অনলাইনে মেন পরীক্ষা হবে। তাতে সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১ ঘন্টার ১০০ নম্বরের প্রশ্ন থাকবে এইসব বিষয়: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) নিউমেরিক্যাল এবিলিটি -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। মেনস পরীক্ষায় ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড -৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। মোট সময় থাকবে ২ ঘন্টা ৪০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। আই.বি.পি.এস. পরীক্ষার মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক পদের বেলায় প্রথমে প্রিলিমিনারি ও পরে মেনস পরীক্ষা হয়।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বর। সময় ২০ মিনিট। (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর।

মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৫৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২০ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৫০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৩০ মিনিট। (৪) রিজনিং এবিলিটি -৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। প্রশ্ন হবে ইংরিজিতে।

### রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের সি.বি.টি. -। পরীক্ষা এবছর হবে কি? এবছর কি আবার নতুন করে বিজ্ঞপ্তি বেরোবে? — অনিক ভট্টাচার্য, খাড়গ্রাম, পূর্ব বর্ধমান। ইন্দ্রজিত দাস, হাড়োয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি নং সি.ই.এন ৯/২০২৫'এর লেভেল -। গ্রুপ-ডি পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ৩ আগস্ট থেকে ২১ আগস্ট পর্যন্ত। পরীক্ষার ৪ দিন আগে থেকে সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন। নতুন বিজ্ঞপ্তি এবছর শেষের দিকে বেরোবে।

## টুথ পাউডার তৈরি

ব্যবসা

**অনুপ বসু** : কী শহর কী গ্রাম সর্বত্রই এখন স্বাস্থ্য সচেতনতা বাড়ায় দাঁতের সুরক্ষার জন্য টুথপাউডারের চাহিদা বাড়ছে। মফঃস্বল শহর ও গ্রামের নিম্ন সম্প্রদায়ের মধ্যে নামি কোম্পানির টুথপাউডারের চল কম। কমদামে উন্নত মানের টুথ পাউডার তৈরি করতে পারলে এখনও এই ব্যবসা লাভজনক।

**ফর্মুলা**

| | |
|---|---|
| ট্রাই ক্যালসিয়াম ফসফেট | ১০ কেজি |
| প্রেসিপিটেড ক্যালসিয়াম কার্বনেট (বেকিং সোডা) | ৩০ কেজি |
| ফোমিং পাউডার, অর্থাৎ এস.এল.এস | ১৫০ গ্রাম |
| রিটার পাউডার | ১ কেজি |
| লবঙ্গ তেল | ৫ আউন্স |
| থাইমল | ৩ আউন্স |
| কর্পূর | ১০০ গ্রাম |
| ফিটকিরির খৈ, অর্থাৎ রোস্টেড ফিটকিরি | ২০০ গ্রাম |
| ইউক্যালিপটাস তেল | ৫ আউন্স |
| সোডিয়াম স্যাকারিন পাউডার | ৫০ গ্রাম |

টুথ পাউডার তৈরির জন্য কোনো যন্ত্রপাতি লাগবে না। মূলধন লাগবে শুধুমাত্র আবর্তক ব্যয়ের জন্য। ওপরের ফর্মুলায় প্রায় সাড়ে ৪১ কেজি টুথপাউডার তৈরি হবে। এইসব উপাদানের মধ্যে কোনটি কী কাজ করে তা জেনে নিলে আপনার এলাকার বাজারের চাহিদা বুঝে কোনো উপাদানের পরিমাণ বাড়াতে বা কমাতে পারেন। ট্রাই ক্যালসিয়াম ফসফেট, ম্যাগনেসিয়াম কার্বনেট ও প্রেসিপিটেড ক্যালসিয়াম কার্বনেট, অর্থাৎ বেকিং সোডা ব্যবহার করা হয় প্রধানত দাঁতের ওপরের শ্যাতলা বা দাগ তোলার জন্য। ফোমিং পাউডার ও রিটা ফলের পাউডার ব্যবহার করা হয় ফেনার জন্য। থাইমল দেওয়া হয় মুখের দুর্গন্ধ দূর করার জন্য। পিপারমেন্ট অয়েল, লবঙ্গ তেল, কর্পূর, ইউক্যালিপটাস তেল দেওয়া হয় সুগন্ধের জন্য। তবে লবঙ্গ তেল না দিয়ে লবঙ্গর পাউডার ব্যবহার করতে পারেন। আর ফিটকিরি পাউডার দেওয়া হয় অ্যান্টিসেপটিক হিসাবে ব্যবহারের জন্য।

**কীভাবে তৈরি করবেন** : প্রথমে একটি বড় বোতলে লবঙ্গ তেল, পিপারমেন্ট তেল, ইউক্যালিপটাস তেল ও থাইমল ভালোভাবে মিশিয়ে মুখ বন্ধ করে দুয়েক দিন রেখে দিন। এবার একটি প্লাস্টিকের পাত্রে ট্রাই ক্যালসিয়াম ফসফেট ও প্রেসিপিটেড ক্যালসিয়াম কার্বনেট, অর্থাৎ বেকিং সোডা ছড়িয়ে তার মধ্যে ওপরের মিশ্রণটি অল্প অল্প করে ১০-১৫ মিনিট ধরে ভালোভাবে মেশান। মিশ্রিত সামগ্রীটি একটা বড় বোতলে মুখ বন্ধ করে একরাত রেখে দিন। পরের দিন ফিটকিরির খৈ, অর্থাৎ রোস্টেড ও কর্পূর ভালোভাবে মিশিয়ে রাখুন। এরপর রিটা ফলের পাউডার, ফোমিং পাউডার ও স্যাকারিন পাউডার ভালোভাবে মিশিয়ে মিহি চালনি দিয়ে চেলে নিন। এবার সব উপাদান একটি পাত্রে ঢেলে ভালোভাবে মিশিয়ে পাতলা কাপড়ে ঢেলে চেলে নিন। সবশেষে বোতলে ভরে প্যাক করুন।

**কাঁচামালের দাম** : (১) ট্রাই ক্যালসিয়াম ফসফেটের দাম : ১০০ টাকা কেজি, (২) প্রেসিপিটেড ক্যালসিয়াম কার্বনেট, অর্থাৎ বেকিং সোডার দাম : ১৫০ টাকা কেজি, (৩) ফোমিং পাউডার, অর্থাৎ সোডিয়াম লরেল সালফেটের (এস.এল.এস) দাম : ১৮০ টাকা কেজি, (৪) রিটা ফলের পাউডারের দাম : ২৫০ টাকা কেজি, (৫) লবঙ্গ তেলের দাম : ৫০০ টাকা থেকে ২,০০০ টাকা কেজি, (৬) থাইমলের দাম : ৬৫০ টাকা থেকে ৯০০ টাকা কেজি, (৭) সোডিয়াম স্যাকারিন পাউডারের দাম : ৪০০ টাকা থেকে ৮০০ টাকা কেজি, (৮) ইউক্যালিপটাস অয়েলের দাম : ১,২০০ টাকা থেকে ২,৭০০ টাকা কেজি, (৯) ফিটকিরির খৈ, অর্থাৎ রোস্টেড ফিটকিরির দাম : ১০০ টাকা থেকে ১৫০ টাকা কেজি।

**কোথায় কী পাবেন** : টুথ পাউডার তৈরির এইসব উপাদান কিনতে খরচ পড়বে মাসে প্রায় ৫০,০০০ টাকা। এই টাকায় টুথ পাউডার তৈরি হবে প্রায় ৮০০ কেজি। দিনে ৩২ কেজি টুথ পাউডার বিক্রি করতে পারলে মাসে লাভ থাকবে প্রায় ২৪,০০০ টাকা।

টুথ পাউডারের যাবতীয় কাঁচামাল পাবেন এই ঠিকানায় : (১) অ্যাডভান্স কেমিক্যাল কোং, ২২, বনফিল্ড লেন, ১ম তল, কলকাতা -১। (২) মনসুখলাল অ্যান্ড ব্রাদার্স, ১, বনফিল্ড লেন, (৩) অ্যালায়েড এজেন্সি, ১৬, বনফিল্ড লেন, ১ম তল, রুম নং-৫১, কলকাতা-৭০০ ০০১। টুথ পাউডারের প্লাস্টিকের কৌটো পাবেন এই ঠিকানায় : (১) জয়শ্রী প্লাস্টিক্স, ৩৩, বড়তলা স্ট্রিট, কলকাতা-৭, (২) ক্ল্যাস্টিক প্লাস্টিক প্রাইভেট লিমিটেড, ৩২ এজরা স্ট্রিট, রুম নং ৬৬৮, কলকাতা-৭০০ ০০১, (৩) পালচৌধুরী প্লাস্টিক্স, ১০ বি টি রোড, খড়দা, উত্তর ২৪ পরগণা।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট. | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক,. গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| ক্যাবিনেট সেক্রেটারিয়েটে ফিল্ড অফিসার | গ্র্যাজুয়েট | ২৫ | ১২-৭-২৬ | www.cabsec.gov.in |
| DSSSB-এর মাধ্যমে শিক্ষক, অ্যাসিস্ট্যান্ট | ITI, HS গ্র্যাজুয়েট | ১,৯৭৯ | ১৫-৭-২৬ | www.dsssb.delhi.gov.in |
| রেলে টেকনিশিয়ান | মাধ্যমিক, ITI | ৬,৫৫৭ | ২৯-৭-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| পঞ্চায়েতে পিওন, অপারেটর অ্যাসিস্ট্যান্ট, গ্রাম পঞ্চায়েত কর্মী, অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট | ১১,০০০ | - | শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে |
| বিমানবাহিনীতে এয়ারম্যান | উচ্চমাধ্যমিক | - | ২৬-৭-২৬ | www.iafrecruitment.edcil.co.in |
| বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু | উচ্চমাধ্যমিক | - | ২৬-৭-২৬ | www.iafrecruitment.edcil.co.in |
| IBPS-এর মাধ্যমে ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার | গ্র্যাজুয়েট | ৬,৭১৫ | ২১-৭-২৬ | www.ibps.in |
| ISRO তে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI গ্র্যাজুয়েট | ৯৫ | ৩১-৭-২৬ | www.rac.gov.in |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ২৬০ | ২৭-৭-২৬ | www.joinindiannavy.gov.in |
| আয়ুষ হাসপাতালে ক্লার্ক অ্যাটেন্ড্যান্ট, মেডিক্যাল টেকনোলজিস্ট | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | ১১৩ | ৩১-৭-২৬ | www.ccrum.res.in |
| রেলে সেকশন কন্ট্রোলার | গ্র্যাজুয়েট | ১১৯ | ১৪-৮-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

## ৭৪৫ স্পেশালিস্ট অফিসার

১ পাতার পর

Officers in Participating Banks (CRP SPL-XVI) পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফল হলে ওই ৩টি ব্যাঙ্কেরই ওই পদে শুধুমাত্র ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের পরীক্ষা দিয়ে চাকরির সুযোগ পেতে পারবেন। এই পদ্ধতিতে নিয়োগ হবে এই ৩টি ব্যাঙ্কে : ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, ব্যাঙ্ক অফ বরোদা, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। কারা কোন পদের জন্য যোগ্য :

**আই.টি. অফিসার (স্কেল-I) :** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'ডোয়েক' থেকে 'বি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 01. **কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ :** ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ১১০টি (জেনাঃ ৪৬, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ২৯, ই.ডব্লু.এস. ১১)। এর মধ্যে প্রতিবন্ধী ৪। সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ৫০টি (জেনাঃ ২১, তঃজাঃ ৮, তঃউঃজাঃ৩, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ২। ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে ২৫টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১। পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ১০০টি (জেনাঃ ৪০, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ১০)। এর মধ্যে প্রতিবন্ধী ৪। পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক ১৬টি (জেনাঃ ২, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৭)। এর মধ্যে প্রতিবন্ধী ২।

**অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার (স্কেল-I) :** অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, ফিশারি সায়েন্স, পিসিকালচার বা, অ্যাগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং বা, অ্যাগ্রো ফরেস্ট্রি, ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, অ্যাগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, সেরিকালচার, ফিশারি ইঞ্জিনিয়ারিং, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 02. **কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ :** ব্যাঙ্ক অফ বরোদা ১০০টি (জেনাঃ ৪১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ১০)। এর মধ্যে প্রতিবন্ধী ৪। ব্যাঙ্ক অফ মহারাষ্ট্রে ৯০টি (জেনাঃ ৩৮, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২৪, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে প্রতিবন্ধী ৩।

**ল অফিসার (স্কেল-I):** আইনের ডিগ্রি (এলএল.বি.) কোর্স পাশরা বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসাবে নাম নথিভুক্ত থাকলে আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 04. **কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : ব্যাঙ্ক অফ বরোদা ১০টি** (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কানাড়া ব্যাঙ্কে ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ২৫টি (জেনাঃ ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি।

**এইচ. আর. / পার্সোনেল অফিসার (স্কেল-I) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, এইচ.আর. / এইচ.আর.ডি., সোশ্যাল ওয়ার্ক, লেবার ল'র পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-I'এ। পোস্ট কোড : 05. **কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : ব্যাঙ্ক অফ বরোদা ৫০টি** (জেনাঃ ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ২। ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

বয়স হতে হবে ১-৭-২০২৬'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় ভিত্তিতে প্রিলিমিনারি পরীক্ষা হবে আগস্টে। পরীক্ষা হবে পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, হুগলি, কল্যাণী, আসানসোল, দুর্গাপুর। সিকিমের গ্যাংটক, ত্রিপুরার আগরতলা, ওড়িশার বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেলা, সম্বলপুর। ঝাড়খণ্ডের বোকারো, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। বিহারের ভাগলপুর, দ্বারভাঙ্গা, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া। অসমের গুয়াহাটি, শিলচর, তেজপুর, জোড়হাট, ডিব্রুগড়।

আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচারাল ফিল্ড অফিসার, এইচ. আর. / পার্সোনেল অফিসার ও মার্কেটিং অফিসার স্কেল-I পদের বেলায় প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘন্টা। (৪) পেশাগত জ্ঞান - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ২০ মিনিট। সফল হলে মেন পরীক্ষা।

ল' অফিসার পদের বেলায় প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ- ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। (৩) জেনারেল অ্যাওয়ারনেস (স্পেশাল রেফারেন্স ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি)-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। (৪) পেশাগত জ্ঞান - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৮০ মিনিট। সফল হলে আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার, এইচ. আর. / পার্সোনেল অফিসার, মার্কেটিং অফিসার পদের বেলায় মেন পরীক্ষায় থাকবে ২০০ নম্বরের ১৫০টি প্রশ্ন এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) রিজনিং - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) পেশাগত জ্ঞান ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ১২৫ মিনিট। এছাড়াও ইংরিজি বিষয়ে ডেসক্রিপ্টিভ টাইপের ২৫ নম্বরের ২টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ৩০ মিনিট।

ল অফিসার পদের বেলায় মেন পরীক্ষায় থাকবে ২০০ নম্বরের ১৫০টি প্রশ্ন এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) রিজনিং - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) পেশাগত জ্ঞান ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ১২৫ মিনিট। এছাড়াও ইংরিজি বিষয়ে ডেসক্রিপ্টিভ টাইপের ২৫ নম্বরের ২টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ৩০ মিনিট।

ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয় ছাড়া অন্যান্য সব পেপারের বেলায় প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য কল লেটার ডাউনলোড করার সময় ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন কিংবা ইনফর্মেশন হ্যান্ডআউট থেকে জানতে পারবেন। প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা যাবে। একটি প্রশ্নের উত্তরে একাধিক জায়গায় টিক মারলে সেই প্রশ্নটি ভুল হিসাবে ধরা হবে ও টিক মারা উত্তরের মধ্যে কোনোটি ঠিক মনে হলে পেনাল্টি হিসাবে প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। তবে কোনো প্রশ্নের উত্তর না করলে কোনো পেনাল্টি কাটা হবে না।

লিখিত পরীক্ষায় প্রতিটি পার্টে ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেলে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

লিখিত পরীক্ষার 'কল লেটার' ওপরের ওই ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন আগস্টে। পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট/ এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হবে সেপ্টেম্বরে। মেন পরীক্ষা হবে নভেম্বরে। কল লেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বর-অক্টোবরে। ফল বেরোবে নভেম্বরে। ১০০ নম্বরের ইন্টারভিউ হবে ডিসেম্বর-জানুয়ারিতে। ৪০%(তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। এরপর সফলদের নাম অ্যালটমেন্ট করা হবে আগামী বছর জানুয়ারি-ফেব্রুয়ারিতে। দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব প্রমাণপত্র নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। (২) পাসপোর্ট মাপের ফটো, নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করা থাকতে হবে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'Common Written Examination'এ ক্লিক করলে পুরো বিজ্ঞাপনটি পাবেন। তাতে Click here to apply online for CWE-Specialist officer (CRP-SPL-XVI)'এ ক্লিক করলে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম দেখতে পাবেন। ওই ফর্মের যাবতীয় কলম ঠিকভাবে পূরণ করবেন, স্ক্যান করা ফটো ও সই আপলোড করবেন (ফটো ও সই সি.ডি. করে কিংবা পেন ড্রাইভে নিয়ে যাবেন)।

এবার পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা দেবেন শুধুমাত্র অনলাইনে মাস্টার / ভিসা ডেবিট বা, ক্রেডিট কার্ডে কিংবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইন ট্রানজাকশন সম্পূর্ণ হলে রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন। তখন ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। টাকা জমা দিতে পারবেন ২১ জুলাইয়ের মধ্যে। নাম রেজিস্ট্রেশন হওয়ার পর ই-মেল বা, মোবাইলে এস.এম.এস. মারফত রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন।



## রাজ্যের ১০৫টি কোম্পানিতে

# ৩৮,৩২১ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ৫৫টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৫০টি কোম্পানি মিলিয়ে মোট ১০৫টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৩৮,৩২১ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১.০৭.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৯ মাসে চাকরি হয়েছে প্রায় ৩,২৮৮ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

**পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

